ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর বোসপাড়া বিএনপি অফিসের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খান, সাবেক ছাত্রনেতা আহমেদ রনি সহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা।

পরে থ্যালাসেমিয়া রোগী আক্রান্ত দুইটি শিশুকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি স্বেচ্ছায় রক্তদান করেন ও প্রধান অতিথি মাসুদ অরুন সেই দুইটি শিশুর পরিবারের হাতে রক্তের ব্যাগ তুলে দেন।